দৈনিক ইত্তেফাক

তারিখ 12 APR 2009
পৃষ্ঠা ৩ কলাম ৭

# আন্তর্জাতিক শিক্ষামেলা শুরু

॥ ইত্তেফাক রিপোর্ট ॥

গতকাল শনিবার ঢাকা শেরাটন হোটেলে ২ দিনব্যাপী প্রথম আন্তর্জাতিক শিক্ষামেলার উদ্বোধন করেন এমপি ড. মহীউদ্দীন খান আলমগীর। বিদেশে উচ্চশিক্ষার সুযোগ-সুবিধার ও যাবতীয় তথ্য শিক্ষার্থীদের কাছে তুলে ধরার লক্ষ্য নিয়ে কয়েকটি প্রতিষ্ঠান সম্মিলিতভাবে এ মেলার আয়োজন করে। স্টল পরিদর্শনকালে জনাব মহীউদ্দীন বলেন, এসব মেলার মাধ্যমে শিক্ষার্থীরা দেশের বাইরে যেয়ে উচ্চতর ডিগ্রী অর্জন করে দেশে ফিরে এসে তাদের জ্ঞান এদেশের উন্নয়নে কাজে লাগাবে।

মেলার প্রথম দিনেই শিক্ষার্থীদের ব্যাপক সমাগম লক্ষ্য করা গেছে। মেলার দর্শনার্থী বেসরকারি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী সায়মা জাকারিয়া বলেন, এ ধরনের মেলা থেকে আমরা একই স্থানে থেকে বিদেশের অনেক শিক্ষাপ্রতিষ্ঠানের সম্পর্কে জানতে পারি। মেলার অন্যতম উদ্যোক্তা কন্ট্যাক্টস ইন্টারন্যাশনালের পরিচালক মোস্তাফিজুর রহমান বলেন, বিশ্বের শীর্ষস্থানীয় শিক্ষাপ্রতিষ্ঠানগুলোতে স্কলারশীপের সুবিধা নিয়ে আন্তর্জাতিক মেলা আয়োজন দেশে এই প্রথম। তিনি বলেন, এই মেলা থেকে এদেশের শিক্ষার্থীরা ইংল্যান্ড, আমেরিকা, অস্ট্রেলিয়া, মালয়েশিয়া, সুইডেন, ফিনল্যান্ড, সাইপ্রাসসহ ইউরোপের বিভিন্ন দেশে উচ্চশিক্ষা সম্পর্কিত সব ধরনের তথ্য জানতে পারবেন। মেলায় বিদেশে উচ্চশিক্ষা সম্পর্কিত যাবতীয় সহযোগিতা নিয়ে ১১টি প্রতিষ্ঠান তাদের স্টল খুলেছে। মেলা চলবে আজ রাত ৮টা পর্যন্ত। আগ্রহী যেকোন শিক্ষার্থী বিনামূল্যে এই মেলায় প্রবেশ করতে পারবেন।